

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, এপ্রিল ৭, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১ এপ্রিল, ২০০১ইং/১৮ চৈত্র, ১৪০৭বাং

এস,আর,ও, নং-৭৫-আইন/২০০১—যেহেতু সরকার অত্র মন্ত্রণালয়ের এস, আর, ও নং-৩৫৮ আইন/২০০০ তারিখ ১০ ডিসেম্বর, ২০০০ইং দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে ; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করার উদ্দেশ্যে Declaration and Alteration of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর Rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য চট্টগ্রাম জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ;

এবং যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর Rule 4(2) এর অধীনে উক্ত এলাকাসমূহকে মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

যেহেতু Paurashava Ordinance, 1977(XXVI of 1977) এর section 4 (a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর Rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা নিম্ন তফসিলে

(১১১৫)

মূল্য : টাকা ১.০০

বর্ণিত শহর এলাকাকে আগামী ১১ কার্তিক, ১৪০৭ বাংলা মোতাবেক ১২-০৪-২০০১ তারিখ হইতে (উক্ত তারিখসহ) মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল। এই মিউনিসিপ্যালিটি “মীরসরাই মিউনিসিপ্যালিটি” (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

ইউনিয়নের নাম	মৌজার নাম	জে.এল নং	দাগ নং
মীরসরাই	মাছিমপুর	৫৬	০১-৮১৬
	রাঘবপুর	৫৫	১০৮০-১৬৩০
	মধ্যম মঘাদিয়া	৭১	৫৩০০৯-৫৩৬৮০,
			৫৫০০১-৫৫৩২৯,
			৫৫৩৩৩-৫৬১৮৯,
৫৭০০১-৫৮৪৪৫			
পূর্ব মঘাদিয়া	৭৩	১১১৪-১২৬২,	
		১৪২৩-১৭৩০,	
		৩২৮৬-৩৫০০,	
		৩৬০১-৩৭০০,	
		৩৭৮৩-৪৩০৫,	
		৫৫৮৭-৬৩৫৫,	
		৭০০১-৭০৩০,	
		৭৭২১-৭৭৭৬,	
		৭৯০০-৭৯৭৩।	
		কিছমত জাফরাবাদ	৬১/১০৭
ঠৈয়াছড়া	গোভানিয়া	৭৪	০১-৩৯১

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ আলী খান
উপ-সচিব (পৌর)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।